গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১২২ তারিখ : ৩১ বৈশাখ ১৪২২ ব./১৪ মে ২০১৫ খ্রি.।

বিষয় : **গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা)** কর্মসূচির আওতায় **সোলার প্যানেল ও বায়োগ্যাস** প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় সোলার সিষ্টেম ও বায়োগ্যাস প্রকল্পে মোট বরাদ্দের ৫০% খাদ্য/অর্থ দিয়ে গৃহীত এই প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রহিয়াছে। এ নির্দেশনা বাস্তবায়নে নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে :

(ক) সোলার প্যানেল : এই প্রকল্পে ইতোমধ্যে নির্বাচনী এলাকা, উপজেলা, আংশিক সিটি কর্পোরেশন, পৌরসভা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকদের বরাদ্দকৃত গম/চাল/টাকা দ্বারা যে সব এলাকায় বিদ্যুৎ সুবিধা নেই এবং যে সব এলাকায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুতের প্রয়োজন সে সকল এলাকায় সোলার হোম সিষ্টেম স্থাপন করিতে হইবে ;

(খ) বায়োগ্যাস : এই প্রকল্পে বরাদ্দকৃত খাদ্য/অর্থ যেসব পরিবারে অন্ততঃ ৪/৫টি গবাদিপশু রহিয়াছে সেই সকল ব্যক্তিকে এই প্রকল্পে অন্তর্ভূক্ত করিয়া বায়োগ্যাস প্রকল্প চালু করিতে হইবে;

(গ) উন্নতমানের চূলা : প্রকল্পভূক্ত এলাকায় যে সকল বিধবা মহিলা সরকার কর্তৃক বিধবাভাতা পান এবং অপেক্ষাকৃত দরিদ্র জনগোষ্ঠির মধ্যে এই উন্নত মানের চূলা সরবরাহ করিতে হইবে ;

(ঘ) সোলার প্যানেল এবং বায়োগ্যাস প্রকল্প সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিগত ০৯ ডিসেম্বর ২০১৪ খ্রি. তারিখ জারীকৃত কাবিখা/টিআর কর্মসূচি নির্দেশিকা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে। উন্নতমানের চূলা সংক্রান্ত কার্যক্রমও একই ধরণের কমিটির মাধ্যমে প্রদান করিতে হইবে;

(ঙ) উপরিল্লিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কাবিখা কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নে সর্বনিম্ন (৯ মে. টন গম) ১,৮০,০০০/- টাকা এবং টিআর কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নে সর্বনিম্ন (১ মে. টন গম) ২০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা যাইবে।

স্বাক্ষরিত/-
(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)
ফোন নং-৯৫৪০১৩৯
ই-মেইল : dsreliefprog2@modmr.gov.bd

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা ।

স্মারক নং-৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১২২/১(১৪) তারিখ : ৩১ বৈশাখ ১৪২২ ব./১৪ মে ২০১৫ খ্রি.।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
৭। জেলা প্রশাসক, ------------------------------ (সকল)।
৮। জনাব মোঃ আশরাফ উদ্দিন, পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১২। সিষ্টেম এনালিষ্ট, আই, সি, টি সেল, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
১৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বিভাগীয় কমিশনারবৃন্দ এবং জেলা প্রশাসকবৃন্দকে জরুরী ফ্যাক্স ও ই-মেইল করার অনুরোধসহ)।
১৪। অতি:সচিব (ত্রাণ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো. আফজাল হোসেন)
যুগ্মসচিব (ত্রাক-২)